তারিখঃ ১৭/০১/২০২২ ইং

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের ২০২২-২৩ ও ২০২৩-২৪ মেয়াদের দ্বি-বার্ষিক কার্যনির্বাহী পরিষদের নির্বাচন আগামী ২৯শে মার্চ ২০২২ইং তারিখ রোজ মঙ্গলবার ২/২(৯ম তলা), পল্লবী, মিরপুর, ঢাকায় অনুষ্ঠিত হবে। আসন্ন দ্বি-বার্ষিক নির্বাচন ২০২২-২৩ ও ২০২৩-২৪ নিম্নবর্ণিত বিধি অনুযায়ী পরিচালিত হবে।

## নির্বাচন সংক্রান্ত তথ্যাবলী

০১) নির্বাচন অনুষ্ঠানের ৬০তম দিবসের পূর্বে যারা এসোসিয়েশনের সমুদয় বকেয়া পরিশোধ করবেন, শুধুমাত্র তাদের নামই ভোটার তালিকায় অন্তর্ভূক্ত হবে। এছাড়া বাণিজ্য মন্ত্রনালয় কর্তৃক জারীকৃত সর্বশেষ আদেশ অনুযায়ী বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্সন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশনের কার্যনির্বাহী পরিষদের দ্বি-বার্ষিক নির্বাচন ২০২২-২৩ ও ২০২৩-২৪ এর ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্তির জন্য নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই পুরণীয় ঃ

ক) এলপিজি অটো গ্যাস স্টেশন/কনভার্সন ওয়ার্কশপের বিস্ফোরক অধিদপ্তরের প্রাথমিক অনুমোদনের কপি।
খ) হালনাগাদ নবায়নকৃত ট্রেড লাইসেন্সের কপি।
গ) টি.আই.এন (TIN) এর কপি।
ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের দুই কপি ছবি নির্বাচন তফসীলে বর্ণিত সময়ের মধ্যে জমা দিতে হবে।

০২) প্রাথমিক ভোটার তালিকা সম্পর্কে আপত্তি থাকলে উক্ত তালিকা প্রকাশের পর তফসিলে বর্ণিত তারিখের মধ্যে নির্বাচন আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি জানাতে হবে। আপত্তির ব্যাপারে আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে গণ্য হবে।

০৩) ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্ত নাই এমন কোন ব্যক্তি কেন্দ্রীয় কার্যনির্বাহী পরিষদ নির্বাচনে প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী হতে পারবেন না।

০৪) মনোনয়ন পত্র বাছাইয়ের সময় প্রার্থী স্বয়ং অথবা প্রস্তাবকারী অথবা সমর্থনকারী উপস্থিত থাকতে পারবেন।

০৫) চূড়ান্ত প্রার্থী তালিকা প্রকাশিত হওয়ার পর থেকে মনোনয়ন ফি প্রদান পূর্বক মনোনয়ন ফরম সংগ্রহ করা যাবে।

০৬) নির্বাচন বোর্ড কারো মনোনয়ন পত্র বাতিল করলে প্রার্থীগণের প্রাথমিক তালিকা প্রকাশের পর নির্বাচন তফসিলে বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। এ ব্যাপারে আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৭) ঘোষিত নির্বাচনের ফলাফল সম্পর্কে কোন প্রার্থীর আপত্তি থাকলে প্রাথমিক ফলাফল প্রকাশের পর তফসিলে বর্ণিত সময়ের মধ্যে সংশ্লিষ্ট প্রার্থী আপীল বোর্ডের নিকট লিখিত আপত্তি দাখিল করতে পারবেন। আপীল বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

০৮) ভোটার তালিকায় নাম অন্তর্ভূক্ত সদস্যগণ ব্যক্তিগতভাবে উপস্থিত হয়ে ভোট প্রদান করবেন। প্রক্সির মাধ্যমে কোন ভোট দেওয়া যাবে না।

Farhan Noor

০৯) নির্বাচন গোপন ব্যালটের মাধ্যমে অনুষ্ঠিত হবে এবং উপস্থিত প্রত্যেক ভোটার প্রত্যেক পদের জন্য একটি ভোট প্রয়োগের অধিকারী হবেন।

১০) ক) বৈধ ভোটারের মধ্যে থেকে সরাসরি ভোটে ১২ জন কার্যনির্বাহী সদস্য নির্বাচিত হবেন।

খ) ২০ জন সদস্য ১০ টি জোন থেকে (সংশ্লিষ্ট জোনের সভাপতি ও মহাসচিব) কার্যনির্বাহী সদস্য হিসেবে কেন্দ্রীয় কমিটিতে অর্ন্তভূক্ত হবেন।

১১) কার্যনির্বাহী সদস্য পদে নির্বাচিত ঘোষিত হওয়ার পর নির্বাচন বোর্ড কার্যনির্বাহী সদস্যদের মধ্যে থেকে নিম্নবর্নিত কর্মকর্তা নির্বাচন সম্পন্ন করবেন। যথাঃ-

ক) সভাপতি- ১জন, খ) সহ-সভাপতি - ২জন গ) মহাসচিব- ১জন, ঘ) যুগ্ম মহাসচিব- ১জন, ঙ) অর্থ সম্পাদক- ১জন, চ) যুগ্ম অর্থ সম্পাদক- ১জন, ছ) সাংগঠনিক সম্পাদক- ১জন, জ) যুগ্ম সাংগঠনিক সম্পাদক- ১জন, ঝ) দপ্তর সম্পাদক - ১জন, ঞ) কার্যনির্বাহী কমিটির সদস্য -২ জন।

১২) নির্বাচন সংক্রান্ত যাবতীয় নোটিশ/বিজ্ঞপ্তি এসোসিয়েশনের নোটিশ বোর্ডে দেওয়া হবে।

১৩) নির্বাচন সংক্রান্ত সকল কার্যক্রম বাণিজ্য সংগঠন বিধিমালা ১৯৯৪ ও অত্র এসোসিয়েশনের সংঘবিধি এবং বাণিজ্য মন্ত্রনালয় কর্তৃক সর্বশেষ জারীকৃত আদেশ নং এমসি/অবা-৬/সিএ-৪/২০০২/৪৪২ তারিখ ৩১-৭-২০০২ ইং অনুযায়ী পরিচালিত হবে।

১৪) বাণিজ্য সংগঠন বিধিমালা-১৯৯৪, মোতাবেক যে সকল সদস্য নির্বাচন তারিখের কমপক্ষে ৬০ দিন পূর্বে এসোসিয়েশনের বকেয়া চাঁদা পরিশোধ করতে ব্যর্থ হবেন তারা ভোটার তালিকাভূক্ত হতে পারবেন না।

১৫) ১,০০০/- (এক হাজার) টাকার বিনিময়ে ভোটার তালিকা সংগ্রহ করা যাবে।

১৬) প্রতিটি কার্যনির্বাহী সদস্য পদের প্রার্থী ১০,০০০/- (দশ হাজার) টাকা (অফেরতযোগ্য) প্রদান স্বাপেক্ষে মনোনয়ন পত্র সংগ্রহ করতে পারবেন। মনোয়নপত্র যথাযথভাবে পূরণ করে নির্ধারিত সময়ে জমা দিতে হবে। উল্লেখ্য মনোনয়ন পত্র দাখিলের সাথে মনোনয়ন ফি পরিশোধের রশিদ সংযুক্ত করতে হবে।

১৭) কর্মকর্তা নির্বাচনের মনোনয়ন পত্র ফি নিম্নরূপঃ

ক) সভাপতি পদে নির্বাচনের মনোনয়ন পত্র ফি ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

খ) সহ-সভাপতি পদে নির্বাচনের মনোনয়ন পত্র ফি ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

গ) মহাসচিব পদে নির্বাচনের মনোনয়ন পত্র ফি ৪০,০০০/- (চল্লিশ হাজার) টাকা (অফেরতযোগ্য)।

ঘ) অন্যান্য পদে (যুগ্ম মহাসচিব, অর্থ সম্পাদক, যুগ্ম অর্থ সম্পাদক, সাংগঠনিক সম্পাদক, যুগ্ম সাংগঠনিক সম্পাদক এবং দপ্তর সম্পাদক) নির্বাচনের মনোনয়ন পত্র ফি ২০,০০০/- (বিশ হাজার) টাকা (অফেরতযোগ্য) প্রদান করতে হবে। উল্লেখ্য, মনোনয়ন পত্র দাখিলের সাথে মনোনয়ন ফি পরিশোধের রশিদ সংযুক্ত করতে হবে।

১৮) ১২টি পদের জন্য ১২টি ভোট প্রদান করতে হবে, কম বা বেশী হলে ভোট বাতিল বলিয়া গণ্য হবে।

**(মোঃ হেলাল উদ্দিন)**
চেয়ারম্যান
নির্বাচন বোর্ড (২০২২-২৪)
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

**(মোঃ ইসহাকুল হোসেন সুইট)**
সদস্য
নির্বাচন বোর্ড (২০২২-২৪)
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

**(ফারহান নূর)**
সদস্য
নির্বাচন বোর্ড (২০২২-২৪)
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন

বিতরণঃ
সকল সদস্যবৃন্দ (ডাকযোগে)
বাংলাদেশ এলপিজি অটোগ্যাস স্টেশন
এন্ড কনভার্শন ওয়ার্কশপ ওনার্স এসোসিয়েশন ।